পঞ্চম শ্রেণির ছাত্রীকে ধর্ষণের অভিযোগে মহালছড়িতে আটক ১

মহালছড়ি প্রতিনিধি:
খাগড়াছড়ির মহালছড়িতে পঞ্চম শ্রেণির এক ছাত্রীকে ধর্ষণের অভিযোগে একজনকে আটক করেছে পুলিশ। কথিত ধর্ষক মো. সফি (১৬) মহালছড়ি সদর এলাকার চৌধুরী টিলা গ্রামের বাসিন্দা মোসলেম উদ্দিনের ছেলে।

১১ বছর বয়সী ধর্ষিতা মহালছড়ি সদর এলাকার নতুন পাড়া গ্রামের বাসিন্দা এবং সে মহালছড়ি গুচ্ছগ্রাম সরকারী প্রাথমিক বিদ্যালয়ের পিএসসি পরীক্ষার্থী।

স্থানীয় ও পুলিশের সূত্রমতে, ১৪ নভেম্বর মঙ্গলবার বিকাল ৪টার দিকে স্কুল ছুটির পরে মো. সফি মেয়েটিকে ফুসলিয়ে কাটিং টিলা নামক নির্জন এলাকায় নিয়ে গিয়ে ধর্ষণ করে এবং অজ্ঞান অবস্থায় ফেলে রেখে চলে যায়। একই এলাকার একজন জঙ্গলে গরু আনতে গিয়ে মেয়েটিকে অজ্ঞান অবস্থায় পড়ে থাকতে দেখে তার আত্মীয় স্বজনকে খবর দেয়। তখন মেয়েটির আত্মীয় স্বজন এসে প্রথমে মহালছড়ি সদর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে এবং অবস্থা অবনতি দেখে খাগড়াছড়ি সদর হাসপাতালে প্রেরণ করা হয়।

হাসপাতালে জ্ঞান ফিরলে মো. সফি তাকে ধর্ষণ করেছে বলে জানায়। তখন গ্রামবাসী মো. সফিকে বাড়ি থেকে আটক করে পুলিশের হাতে তুলে দিলে

প্রাথমিক জিজ্ঞাসাবাদে সে ধর্ষণের কথা স্বীকার করেছে।

এ ঘটনার বিষয়ে মহালছড়ি থানার অফিসার ইনচার্জ জোবাইরুল হক ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, ধর্ষিতার বর্ণনা অনুযায়ী সফি নামের একজনকে আটক করা হয়েছে। এ ঘটনায় কথিক ধর্ষক সফির বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইন ২০০৩ সংশোধনী ৯(১) ধারায় ধর্ষিতার মা মনোয়ারা বেগম বাদী হয়ে মামলা করার প্রস্তুতি চলছে।